

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-২
www.tmed.gov.bd

স্মারক: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.১০১

তারিখ: ০৭ ফাল্গুন, ১৪২৬ ব: ২০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি:

বিষয়: রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণ।

সূত্র:

- (১) হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৪.০২.২০১৯ খ্রি:।
- (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, আইন শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.৫১, তারিখ: ০২.০৪.২০১৯ খ্রি:।
- (৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, আইন শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.৮৩, তারিখ: ২২.০৫.২০১৯ খ্রি:।
- (৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, আইন শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৪৩.১৯.৬৮৮, তারিখ: ৩০.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: শাইখুল ইসলাম, পিতা: মৃত আসতার আলী, গ্রাম: কালাশারা, ডাক: গোলাপবাজার-৩১২৪, থানা: বালাগঞ্জ, জেলা: সিলেট এবং অধ্যক্ষ, শেখ ফজিলাতুন নেছা ফাজিল মাদরাসা, ডাক: মুক্তারপুর, উপজেলা: বালাগঞ্জ, জেলা: সিলেটসহ ১২ জন পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট, অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-কে ৩ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ২৩ (তেইশ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. রুল নিশি জারির আদেশ এবং তৎসংলগ্নসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, *ECNEC (Executive Committee of the National Economic Council)* এর অনুমোদন সত্ত্বেও (রুল নিশির আদেশের বর্ণনামতে) আবেদনকারীদের মাদরাসাসমূহের নাম “নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন” শীর্ষক প্রজেক্ট তালিকা থেকে বাদ দেয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে মামলাটি দায়ের করা হয়।


০৪. মামলাটি বাংলাদেশ সরকারের একটি জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রজেক্ট সংক্রান্ত। সে কারণে মামলাটির বিষয়ে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিলসহ মামলা পরিচালনার নিমিত্ত জরুরী পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

০৫. উপরিউক্তমতে সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারক মূলে মহোদয়কে জরুরীভিত্তিতে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) মহামান্য আদালতে দাখিলসহ জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু এতদ্বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি।

০৬. রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলাটি গুরুত্বের সাথে বিবেচনাক্রমে মন্ত্রণালয় কর্তৃক সরকার পক্ষে জবাব তৈরী করে সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে মহোদয়কে প্রেরণ করা হয়েছে এবং টিএমইডি এর অনুমোদনক্রমে তা মহামান্য আদালতে দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। সে প্রেক্ষিতে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা অদ্যাবধি মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি।

০৭. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়টি সদয় বিবেচনাক্রমে সূত্রোক্ত ৪ নং স্মারকের আলোকে রিট পিটিশন নং-১৬৭৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির গুরুত্ব বিবেচনায় আর কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা আগামি ২৭.০২.২০২০ খ্রি: তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে ২য় বারের মতো অনুরোধ করা হলো।

এ্যাডভোকেট এস.কে.শফিক মাহমুদ পুষ্প
বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, চেম্বার নং-বি-১,
ষষ্ঠ ফ্লোর, ২০৪, শহীদ সৈয়দ নজরুল
ইসলাম স্মরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।


২০.০২.২০২০
(ড. মো: মহাতাব হোসেন)
সংযুক্ত কর্মকর্তা (আইন-২)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিসকপি/ মাস্টার কপি।